অন্য এক মার্ক্স

অন্য এক মার্ক্স

প্রারম্ভিক পাণ্ডুলিপি থেকে প্রথম আন্তর্জাতিক

মার্চেলো মুস্তো

অনুবাদ

শঙ্কর রায়

আখর

অন্য এক মার্ক্স
প্রারম্ভিক পান্ডুলিপি থেকে প্রথম আন্তর্জাতিক

প্রকাশকাল জানুয়ারি ২০২২
প্রচ্ছদ প্রিয়দর্শী মণ্ডল
গ্রন্থস্বত্ব মার্চেলো মুস্তো
অনুবাদস্বত্ব শঙ্কর রায়

আখর-এর তরফে রৌনক মৌলিক এবং প্রিয়দর্শী মণ্ডল কর্তৃক
বাদু, পঞ্চাননতলা রোড, বারাসাত , উত্তর চব্বিশ পরগনা,
কলকাতা ৭০০১২৮ থেকে প্রকাশিত।

বর্ণসংস্থাপক সুকন্যা সাহা,বারাসাত, উত্তর চব্বিশ পরগনা

মুদ্রক ডি. পি. গ্রাফিক্স প্রা: লি:, গঙ্গানগর, কলকাতা ৭০০১৩২

প্রাপ্তিস্থান ধ্যানবিন্দু, বইচিত্র, মনীষা গ্রন্থালয়

৪০০.০০ (চারশো টাকা)

জর্জ এবং অ্যান-কে তাদের উষ্ণ আতিথেয়তা,
নিঃশর্ত সাহায্য, সীমাহীন সমর্থন,
এবং, সর্বোপরি, অসীম ধৈর্য্যের জন্য

বন্ধু ও সাথী তপন বন্দ্যোপাধ্যায়-এর স্মৃতির উদ্দেশে

সূচীপত্র

প্রাক-কথা	৯
অনুবাদকের কৈফিয়ত	১১
উপক্রমনিকাঃ মার্ক্স -এর পুনরুজ্জীবন	১৩
গবেষণার নতুন পথ	১৬
মার্কসের রচনাবলীর কালপঞ্জি	১৯
প্রথম পর্য্যায়ঃ বৌদ্ধিক প্রভাব ও প্রথম দিকের রচনাগুলি	২৯
শৈশব, যৌবন ও প্রথম দিকের বিশ্ববিদ্যালয়জীব	৩১
রাজনৈতিক অর্থশাস্ত্রের মোকাবিলা	৫৭
দ্বিতীয় পর্য্যায়ঃ রাজনৈতিক অর্থশাস্ত্রের সমালোচনা	৮৫
অর্থনৈতিক সঙ্কটের প্রতীক্ষা	৮৭
গ্রুন্দ্রিসি লেখার সময়	১২৫
কার্ল হ্বেগট-এর সঙ্গে বিতর্ক	১৭২
পুঁজি : অসমাপ্ত সমালোচনা	১৯৫
তৃতীয় পর্যায়ঃ রাজনৈতিক জঙ্গিপনা	২৩৯
আন্তর্জাতিক শ্রমজীবী সমিতির জন্ম	২৪১
প্যারিসে বিপ্লব	২৬৮
বাকুনিনের সঙ্গে সংঘাত	২৯৫
গ্রন্থপঞ্জি	৩৩১

প্রাক-কথা

এই বইএর অনেকগুলি অধ্যায় পূর্ণত বা অংশত কোন পন্ডিতমন্য পত্রিকায় বা কোন গ্রন্থের অধ্যায় হিশেবে প্রকাশিত হয়েছে। তবু সে সবগুলির পিছনে ছিল একটি দীর্ঘ বইএর ভাবনা। এখানে দ্বিতীয় অধ্যায় সায়েন্স অ্যান্ড সোসাইটি-তে (খন্ড ৭৩,২০০৯- পৃ ৩৮৬-৪০২) প্রকাশিত 'মার্ক্স ইন প্যারিসঃ ম্যানুস্ক্রিপ্টস অ্যান্ড নোটবুক্স অফ এইট্টিন ফর্টিফোর' এর পরিবর্ধিত ও সংশোধিত এক পূর্ণাঙ্গ সন্দর্ভ, তৃতীয় অধ্যায় সোশ্যালিজম অ্যান্ড ডেমোক্র্যাসিতে (খন্ড ২৪, পৃ ৬৬-১০০) প্রকাশিত 'দি ফর্মেশ্যন অফ মার্ক্স'স ক্রিটিক অফ পোলিটিক্যাল ইকনমিঃ ফ্রম দি স্টাডিজ অফ এইট্টিন ফর্টিথ্রি টু দি গ্রুন্দ্রিসি'র সংশোধিত নিবন্ধ,চতুর্থ অধ্যায় মার্চেলো মুস্তো সম্পাদিত 'ফাউন্ডেশ্যনস অফ কার্ল মার্ক্স'জ গ্রুন্দ্রিসিঃ ফাউন্ডেশ্যন্স অফ ক্রিটিক অফ পোলিটিক্যাল ইকনমি ওয়ান হান্ড্রেড ইয়ার্স লেটার; রাটলেজ ২০০৮) অন্তর্ভুক্ত 'মার্ক্স'জ লাইফ অ্যাট দি টাইম অফ গ্রুন্দ্রিসিঃ বায়োগ্রাফিকাল নোটস অফ এইট্টিন ফিফটিসেভেন-এইট'(পৃ ১৪৭-৬১)এর পরিবর্ধিত ও সংশোধিত সন্দর্ভ, ষষ্ঠ অধ্যায় ক্রিটিক-এ প্রকাশিত (খন্ড ৪৬ ২০১৮, পৃ ১১-২৬) 'দি রাইটিং অফ ক্যাপিটালঃ জেনেসিস অ্যান্ড স্ট্রাকচার অফ মার্ক্স'স ক্রিটিক অফ পোলিটিক্যাল ইকনমি'র সংশোধিত নিবন্ধ, আর সপ্তম,অস্টম ও নবম অধ্যায়গুলির ভিত্তি মার্চেলো মুস্তো সম্পাদিত সংকলন 'ওয়ার্কার্স ইউনাইট! দি ইন্টারন্যাশনাল ওয়ান হান্ড্রেড ফিফটি ইয়ার্স লেটার' (ব্লুমসবেরি ২০১৪।পৃ ১-৬৮)।

মার্ক্সের লেখা থেকে উদ্ধৃতিগুলি ১৯৭৫-২০০৫এ মূলত ৫০-খন্ডে প্রকাশিত মার্ক্স-এঙ্গেলস সংগৃহীত রচনাবলী (এমইসিডবলু), প্রোগ্রেস পাব্লিশার্স, মস্কো, লরেন্স অ্যান্ড উইশার্ট,লন্ডন ও ইন্টারন্যাশনাল পাব্লিশার্স, ন্যু ইয়র্ক থেকে। কোথাও কোথাও তর্জমা পরিমার্জিত হয়েছে মূল জর্মন অনুসরণে, গ্রুন্দ্রিসি থেকে উদ্ধৃতি মার্টিন নিকোলাউস-এর অনুদিত ১৯৭৩-এর পেঙ্গুয়িন সংস্করণ থেকে, আন্তর্জাতিক শ্রমজীবি সঙ্ঘের সময়কার মার্ক্সের ভাষণগুলি, বক্তৃতাদি,প্রস্তাবসমূহ মার্চেলো মুস্তো-সম্পাদিত 'ওয়ার্কার্স ইউনাইট! দি ইন্টারন্যাশনাল ওয়ান হাণ্ড্রেড ইয়ার্স ল্যাটার থেকে।তাছাড়া কোন কোন জায়গায় ইংরেজীতে অনুদিত রচনা সন্নিবেশিত হলেও

এমইসিডবলু-তে অন্তর্ভুক্ত হয়নি। ইংরেজীতে তর্জমা হয় নি এমন টেক্সট উল্লেখিত হয়েছে যা আছে মার্ক্স-এঙ্গেলস-রচনাসমগ্র২-তে (Marx-Engels-Gesamtausgabe-MEGA2ঃ Berlin: Dietz/Akademie/De Gruyter 1975) যার পরিকল্পিত ১১৪টি খন্ডের মধ্যে ৬৫টি মুদ্রিত হয়েছে। অ-প্রাথমিক রচনাদি, বই,,প্রবন্ধ থেকে উদ্ধৃতি, যা ইংরেজীতে প্রকাশিত হয় নি, সে সব এই গ্রন্থে আছে। উল্লেখিত সাময়িকপত্র,সংবাদপত্রগুলির মূল নাম বন্ধনীমধ্যে ইংরেজপ্রতিশব্দসহ দেওয়া হয়েছে।

উপক্রমনিকা

মার্ক্স-এর পুনরুজ্জীবন

যদি লেখকের কাছে শ্বাশ্বত যৌবনের অর্থ নতুন নতুন ভাবনা সঞ্চার অব্যাহত রাখা, নিঃসন্দেহে কার্ল মার্ক্স ছিলেন চিরযুবা।

পুঁজিবাদের ২০০৮ সালে উদ্ভূত সাম্প্রতিকতম সংকট মার্ক্সকে আবার তেমনই প্রাসঙ্গিক করে তুলেছে।বার্লিনের প্রাচীর পতনের পরে তিনি বিস্মৃতির অতলে তলিয়ে যাবেন, এ ভবিষ্যৎবানী নস্যাত করে মার্ক্সের চিন্তামালা আবার বিশ্লেষণ, বিকাশ ও বিতর্কের বিষয় হয়ে উঠেছে। অনেকের কাছে নতুন ভাবে প্রশ্ন জেগেছে যে একদা 'প্রকৃত বিদ্যমান সমাজতন্ত্র' ও ১৯৮৯ সালে অপসৃত হওয়াকে ভ্রান্তভাবে এক চিন্তাবিদের ভাবনার সাথে অন্বিত করা হচ্ছে।

ব্যাপক পাঠক সংখ্যার নামীদামী সংবাদপত্র ও সাময়িকী মার্ক্সকে প্রবল প্রাসঙ্গিক ও দূরদৃষ্টিসম্পন্ন তত্ত্ববিদ হিশেবে তুলে ধরা হচ্ছে। প্রায় সর্বত্র বিশ্ববিদ্যালয়ের পাঠক্রম ও আন্তর্জাতিক সম্মেলনে তিনিই বিষয়বস্তু। দু দশকেরও বেশী অবহেলিত থাকার পরে তাঁর রচনাবলী পুনর্মুদ্রিত বা নব সংস্করণ হয়ে পুস্তক বিপণি ও বইয়ের থাক জুড়ে বেগবান হয়ে উঠেছে, কখনো কখনো গুরুত্বপূর্ণ ও নূতন দিক উন্মোচিত করছে।[১] সবচেয়ে উল্লেখ্য মার্ক্স-এঙ্গেলস-গেজামট্আউসগাবে (মার্ক্স-এঙ্গেলস-রচনাসমগ্রর ঐতিহাসিক-সমালোচনামূলক সংস্করণ বা মেগা-২)।

সেই রচনাসম্ভার প্রচার করা এক দীর্ঘ ও জটিল কাহিনী। মার্ক্সের প্রয়াণের (১৮৮৩) পরে ফ্রেডারিক এঙ্গেলস (১৮২০-১৮৯৫) প্রথম সেই সুকঠিন দায়িত্বপালনে নিজেকে নিবেদিত করেন- কারণ পান্ডুলিপি, খাতাপত্র ও লেখাজোখা ছড়ানো-ছিটনো, দুরূহ ভাষা ও দুর্বোধ্য হস্তাক্ষর-তাঁর বন্ধুর উত্তরাধিকার সম্পাদনা।তাঁর রচনাবলী সেই সংগৃহীত মূল তথ্য-অধ্যয়ন উপকরণের চয়ন ও পুন র্নিমানে কেন্দ্রীভূত, অগ্রন্থিত বা অসম্পূর্ণ পাঠলিপি প্রকাশিত, তাঁর ইতিমধ্যে মুদ্রিত রচনাবলীর অনুবাদ পুনর্প্রকাশিত করা। অগ্রাধিকার 'পুঁজি'র কাজ সম্পূর্ণ করা, যার প্রথম খন্ড মার্ক্স জীবদ্দশায়

প্রকাশ করে গেছেন।

তাঁর রচনাবলী সেই সংগৃহীত মূল তথ্য-অধ্যয়ন উপকরণের চয়ন ও পুন র্নিমানে কেন্দ্রীভূত, অগ্রন্থিত বা অসম্পূর্ণ পাঠলিপি প্রকাশিত, তাঁর ইতিমধ্যে মুদ্রিত রচনাবলীর অনুবাদ পুনর্প্রকাশিত করা। অগ্রাধিকার 'পুঁজি'র কাজ সম্পূর্ণ করা, যার প্রথম খন্ড মার্ক্স জীবদ্দশায় প্রকাশ করে গেছেন।

এঙ্গেলসের জীবনাবসানের দুবছর বাদে ১৮৯৭ সালে ইতালীয় সমাজতন্ত্রী আন্তনিও লাব্রিওলা (১৮৪৩-১৯০৪) প্রশ্ন তুললেনঃ "মার্ক্স ও এঙ্গেলসের রচনাবলীর সম্পূর্ণ পাঠ কি তাঁদের ঘনিষ্ঠ বন্ধু ও অনুগামী ছাড়া কেউ করেছিলেন।" তাঁর মন্তব্যে কোন দ্ব্যর্থবোধকতা ছিল না। 'এ যাবত বৈজ্ঞানিক সমাজতন্ত্রের প্রতিষ্ঠাতাদের রচনাবলী অধ্যয়নের প্রাধিকার ছিল সেই সূচনাকারদের;' ছিল 'ঐতিহাসিক বস্তুবাদ' প্রচারণায় 'অন্তহীন দ্ব্যর্থবোধকতা, ধারণাগত দিক, কিম্ভূত রদবদল, অদ্ভূত প্রচ্ছন্নতা ও অপ্রতিপন্ন আবিস্কার।'[২] বস্তুত, পরে ইতিহাস গবেষণায় দেখা গেল যে মার্ক্স ও এঙ্গেলসের রচনাবলী অধীত হয়েছে, এমন মিথ্যা ধারণা তাঁদের জীবনীরচনায়[৩] যে সব পাঠ্যবস্তু মূল ভাষাতেও মেলা দুস্প্রাপ্য।ইতালীয় পণ্ডিতের 'মার্ক্স ও এঙ্গেলসের সমগ্র রচনাবলীর সমালোচনামূলক সংস্করণ প্রকাশের' প্রস্তাব বাস্তবিক ছিল।

ল্যাব্রিওলার বিবেচনায় কোন সংকলন বা মরনোত্তর বর্ণন নয়, বরং 'সমালোচনাত্মক সমাজতন্ত্রের দুই প্রতিষ্ঠাতার সমস্ত রাজনৈতিক ও বিজ্ঞানবিষয়ক কার্যকলাপ,সব লিখিত সম্পদ,শ্রমজীবি মানুষদের কাছে লভ্য হোক, এমনকি নৈমিত্তিক হলেও...। কারণ যাঁরা সেসব পড়তে আগ্রহী, তারা বাগ্ময় হয়ে উঠবে।'[৪] তারপরে ১২০ বছর কেটে গেলেও, সেই প্রত্যাশা পূরণ হয়নি।

এঙ্গেলসের প্রয়াণের পরে মার্ক্স ও এঙ্গেলসের সমগ্র রচনাবলীর স্বাভাবিক নির্বাহক হ'ল জর্মন সামাজিক গণতান্ত্রিক দল (এসপিডি)। আক্ষরিকভাবে এগুলি ছিল দুই জনের হেফাজতে ছিল-কার্ল কাউটস্কি (১৮৫৪-১৯৩৮) ও এদুয়ার্দ বার্ণস্তাইন (১৮৫০-১৯৩২), কেন না এরাঁই ছিলেন সর্বোত্তম ভাষাবিদ ও তত্ববিদ। তথাচ দলের অভ্যন্তরীণ রাজনৈতিক সংঘাতের ফলে মার্ক্সের বিপুল অপ্রকাশিত রচনাবলী মুদ্রণেই ব্যাঘাত ঘটল না, পান্ডুলিপিগুলি এতই

অবিন্যস্ত হ'ল যে সেগুলির সুসংবদ্ধ সংস্করণও ব্যাহত হ'ল।[৫] আর এসপিডি-ও কোন উদ্যোগ নিল না এবং মার্ক্স-এঙ্গেলসের রচনাবলীর উত্তরাধিকারও অতিশয় অবহেলিত থেকে গেল।[৬] পার্টির কোন তত্ত্ববিদই তাঁদের রচনাবলীর তালিকা নির্মাণ বা তাঁদের বিশাল চিঠিপত্র সুসংবদ্ধভাবে সংগ্রহ করার উদ্যোগ নিলেন, যা তাঁদের রচনাবলী উপলব্ধির মূল্যবান সহায়ক, এমনকি তাঁদের চিন্তাধারা এগিয়ে নিয়ে যেতে পারত।

মার্ক্স ও এঙ্গেলস-এর সমগ্র রচনাবলী (মেগা) প্রকাশের প্রথম প্রয়াস হয়েছিল সোহ্বিয়েত ইউনিয়নে ১৯২০-র দশকে। এটা সম্ভব হয়েছিল দাভিদ রিজানভের (১৮৭০-১৯৩৮) অক্লান্ত প্রয়াসের ফলেই। তবে ১৯৩০-এর দশকে স্তালিনীয় রেচনের শিকার হতে হয়েছিল ঐ সংস্করণের সাথে যুক্ত অনেক গবেষক-পন্ডিত, আর জর্মনিতে নাৎসিবাদের উন্মেষে সেই কাজ আকস্মিক রুদ্ধ হয়ে গেল। পূর্ব জর্মনিতে যে 'দ্বিতীয়' মেগা প্রকল্প ১৯৭৫-এ শুরু হ'ল, তা ছিল দুই চিন্তাবিদের রচনাবলী এক পরিব্যাপ্ত সমালোচনামূলক কাঠামোর মাধ্যমে পরিকল্পিত। বার্লিনের প্রাচীর ভেঙ্গে দেবার পরে তাও বাধাপ্রাপ্ত হ'ল। তারপরে এল পুনর্সংগঠনের এক কঠিন সময়। নূতন সম্পাদকীয় নীতিমালা গড়া ও অনুমোদিত হ'ল, মেগা-২এর সুপারিশ করা হ'ল ১৯৯৮ সালে। তারপর থেকে ২৬টি খন্ড মুদ্রিত হয়েছে। অন্যান্যগুলির প্রস্তুতি চলছে,যাতে আছে মার্ক্সের রচনাবলীর নূতন বয়ান; 'পুঁজি'র প্রস্তুতিমূলক পান্ডুলিপি, তাঁর জীবনের গুরুত্বপূর্ণ সময়ের চিঠিপত্র, তাঁকে লেখা চিঠিপত্রও আর প্রায় ২০০ খাতাপত্র। শেষোক্ত ছিল বছরের পর বছর মার্ক্স যেসব বইপত্র পড়েছিলেন, তাঁর উদ্ধৃতাংশ ও সে সম্পর্কে মার্ক্সের মন্তব্য। সেগুলিই ছিল তাঁর সমালোচনামূলক ঔপপত্তিক কর্মশালা, যা থেকে তিনি তাঁর ধারণা নির্মাণ করেছিলেন।[৭]

এই অমূল্য উৎস উপকরণসমূহ থেকে (যার অনেকগুলি কেবল জর্মন ভাষায় লেখা, আর তাই এগুলি ছোট ছোট গবেষকদের মহলে লভ্য) আমরা দেখতে পাই যে একজন গ্রন্থকার যিনি অসংখ্য সমালোচক বা স্ব-নিযুক্ত অনুসারীরা এতকাল দেখা লেখকদের থেকে আলাদা। বস্তুত মেগা ২ থেকে পাওয়া নতুন পাঠ্য সম্ভার থেকে আমরা বলতে পারি যে রাজনৈতিক ও

দার্শনিক চিন্তার ধ্রুপদী রচনাবলীর মধ্যে মার্ক্স সেই লেখক যাঁর ভাবমূর্তি সাম্প্রতিক কালে সবচেয়ে বেশী পরিবর্তিত হয়েছে। সোহ্বিয়েত ইউনিয়নের অন্তর্বিস্ফোরণের পর গড়ে ওঠা রাজনৈতিক চিত্রপট মার্ক্সকে রাষ্ট্র যন্ত্র-অধিষ্ঠিত পৌত্তলিকতা থেকে মুক্তি দিয়েছে।

গবেষণার অগ্রগতি আর তার সাথে পরিবর্তিত রাজনৈতিক অবস্থা তাই মার্ক্স চিন্তাভাষ্যের নবায়ন এনেছে, যা এক নতুন প্রপঞ্চ সৃষ্টি করেছে।

গবেষণার নতুন পথ

মেগা ২-এর মুদ্রিত ও আজও অমুদ্রিত বিষয় সূচীর এই গ্রন্থটি লেখার পুষ্ঠি যুগিয়েছে। আরো অনেক সরণি এখনও অনুন্মোচিত আর তাই মার্ক্স এমন এক লেখক যাঁকে নিয়ে সব কিছু বলা বা লেখা হয়ে গেছে, এ ধারণা মোটেই সত্য নয়।[৮] বরং মার্ক্সবাদ প্রায়শ তাঁর ভাবনা বিকৃত করেছে।

'সমাজতান্ত্রিক' রাজত্বের মতাদর্শের সমর্থনে প্রায়ই মার্ক্সের নাম আনা হয় ও তাদের নীতির দায় তাঁর ওপর বর্তানো হয়।তাঁর বিশুদ্ধ সমালোচনামূলক তত্বকে বাইবেলীয় পদ্যে সঙ্কুচিত করে আধা-ধার্মিক ভাষ্যে পর্যবসিত করা হয়েছিল। এর ফলে সবচেয়ে অসম্ভাব্য কূটাভাস উদ্ভূত হ'ল। 'ভবিষ্যতের রন্ধনশালার জন্য নির্দেশনামা'[৯] দিয়ে যাবার তীব্র বিরোধী ছিলেন যে চিন্তাবিদ, তাঁকে এক নূতন সমাজ ব্যবস্থার জনক বানানো হয়েছিল। কঠোর যত্নশীল যে চিন্তাবিদ কখনো তাঁর উপলব্ধ সিদ্ধান্তসমূহ সম্পর্কে নিঃসংশয় ছিলেন না, তাঁকে তুলে ধরা হ'ল এক অন্ধ বিশ্বাসে নিমজ্জিত তত্বের উৎস। যে কোন গ্রন্থকারের চেয়ে ইতিহাসের বস্তুবাদী ভাবনায় তন্নিষ্ঠ প্রহরীকে পরিপ্রেক্ষিত থেকে বিচ্ছিন্ন করে বিকৃতভাবে উপস্থাপিত করা হ'ল। এমনকি 'শ্রমিক শ্রেণীকে তাদের মুক্তি অর্জন নিজেদের করতেই হবে'[১০] সেই স্থির প্রত্যয় এক মতাদর্শে(ইডিওলজি) বদ্ধ করে জোর করে রাজনৈতিক অগ্রগামীদের ও রাজনৈতিক দলগুলিকে শ্রেণী চেতনা সঞ্চারণ ও বিপ্লবে নেতৃত্বদানের শক্তি হিশেবে জাহির করা হ'ল। মানবিক বিকাশ ক্ষমতা প্রস্ফূটনের জন্য দৈনিক কাজের সময় হ্রাসের প্রবক্তাকে স্তাখানভবাদের

উৎপাদনবাদী বিশ্বাসের সমর্থক বলে তুলে ধরা হ'ল। রাষ্ট্রের অবলুপ্তির দৃঢ় প্রত্যয়ীকে ক্ষমতাবান রাষ্ট্রের পক্ষাবলম্বী বলা হ'ল। ব্যষ্ঠির মুক্ত বিকাশপ্রত্যাশী কতিপয় চিন্তাবিদের মত তিনি সওয়াল করেছিলেন যে শুধু আইনী সাম্যের অন্তরালে বুর্জোয়া অধিকার সামাজিক অসাম্যকে আবৃত রাখে, 'অধিকারে সাম্যের চেয়ে অসাম্য বড় হয়ে ওঠে।[১১] অথচ মার্ক্সকে ভ্রান্তভাবে এক ধারণার বাহক বলা হচ্ছে যা তাঁর নিরবয়ব সুষমতার যৌথ মাত্রার ঐশ্বর্যকে মুছে দিচ্ছে।

এই গ্রন্থের উদ্দেশ্য মার্ক্স রচনানলীর নানা ভাষ্যের পর্যালোচনা লালন করা। পাঠকের সামনে তার ফলাফল বিনীতভাবে পেশ করা হলেও তা অসম্পূর্ণঃ বিনীত এ কারণে যে মার্ক্সের বিপুল সমালোচনাত্মক রচনা সম্ভার মানব প্রজ্ঞার নানা শাখায় ব্যাপৃত,যা পরিশ্রমী পাঠকদের পক্ষেও সংশ্লেষণ দুরূহ, এবং অসম্পূর্ণ। কেন না এই গ্রন্থ মার্ক্সের জীবনের তিনটি কালপর্বকে নিয়ে লেখাঃ প্রথম জীবন। 'পুঁজি'র বিষয়বিবৃতি ও আন্তর্জাতিক শ্রমজীবি সমিতিতে রাজনৈতিক কার্যকলা। তাছাড়া প্রত্যেক কালপর্বে কিছু কিছু পাঠসম্পদ বেছে নিয়ে আলোচনা করা হয়েছে,বাকি অংশ অনিবার্যভাবে বাদ দিতে হয়েছে।বইটির শব্দ সংখ্যার উচ্চ সীমার বাধ্যকতাও ছিল, যে কারণে মার্ক্সের জীবনের নানা অধ্যায় আলোচনা সম্ভব হয় নি।যেমন ১৮৪৮ সালের বৈপ্লবিক ঘটনাবলী সম্পর্কে তাঁর বিশ্লেষণ,ন্যু ইয়র্ক ট্রিব্যুনে দীর্ঘকালের সাংবাদিকতা-শ্রম, ১৮৭০ দশকের রাজনৈতিক ও ঔপপত্তিক প্রতিভাস এবং শেষ জীবনের গবেষণা।[১২] ভবিষ্যতে এ নিয়ে লেখার বাসনা রইল।এইসব সীমাবদ্ধতা সম্পর্কে অবহিত হয়েও, পাঠকের সম্মুখে যথাসম্পন্ন গবেষণার ফলাফল অর্পিত করা হ'ল, কিন্তু এর বাইরে গভীরতর চর্চার অবকাশ আছে। অন্য বিশ্লেষণ করা বিষয়গুলির মধ্যে,প্রথম খন্ডে মার্ক্সের প্রথম দিকের লেখাগুলি ও পরবর্তী কালে রাজনৈতিক অর্থশাস্ত্রের সমালোচনার মধ্যে যে ভাষাতাত্বিক বৈপরীত্য দেখাতে চায়(প্রথমোক্তকে অগ্রাধিকার দিতে আগ্রহী) 'সংশোধনবাদী' মার্ক্সবাদীরা ও গোঁড়া কমিউনিস্টরা তা ভিত্তিহীন। এরা পরিণত মার্ক্সকে প্রাধান্য দেয় ও আলাদাভাবে 'তরুণ মার্ক্স'কে তুলে ধরতে চায় বা এক ঔপপত্তিক ছেদ জোর করে দেখাতে চায়।

মার্ক্সের ১৮৪৩-৪৪এর লেখাগুলি ও পান্ডুলিপিসমূহ কৌতূহলী দৃষ্টিতে ও তাঁর সমালোচনাত্মক আবক্র পথের প্রারম্ভিক স্তর হিশেবে দেখতে হবে।

দ্বিতীয় খন্ডে মার্ক্সের রাজনৈতিক অর্থশাস্ত্রের সমালোচনা সম্পর্কে বিদ্যমান গবেষণার ঐশ্বর্য,যাতে তার বিকাশের নির্দিষ্ট কাল পর্যায় বিবেচিত হয়েছে, প্রায়ই ১৮৪৪-এর অর্থনৈতিক ও দার্শনিক পান্ডুলিপি থেকে গ্রুন্দ্রিসিতে ও তা থেকে পুঁজি-র ১ম খন্ডে বিচরণ করা হয়েছে। এই বইতে সাম্প্রতিক প্রকাশিত প্রধান প্রধান পান্ডুলিপিগুলি চর্চার ফলে মার্ক্স-এর চিন্তনের নির্মাণের বিস্তৃত বিবরণ বিধৃত আছে।

তৃতীয় খন্ডে আছে ১৮৬৪ থেকে মার্ক্সের রাজনৈতিক কর্মকান্ডের বৃত্তান্ত। 'আন্তর্জাতিক'-এর জীবনে তাঁর অপরিহার্য অবদানের অস্বীকার না করেও এটা দেখাতে চেস্টা করা হয়েছে যে সেই সংগঠন 'একক' কোন ব্যক্তির অনেক উপরে, দীর্ঘদিন ধরে 'মার্ক্সবাদী-লেনিনবাদী কিংবদন্তীর বিপ্রতীপ। তাছাড়া নিজেকে শ্রমিকা/শ্রমিকদের সংগ্রামে প্রত্যক্ষভাবে লিপ্ত করে মার্ক্স তাঁর চিন্তাধারণার বিকাশ উদ্দীপিত করেছিলেন ও মাঝে মাঝে তাঁর ভাবনা সংশোধিত করেছেন, আলোচনায় সাবেক নিশ্চয়তাসমূহ উপস্থাপিত করেছেন, নতুন নতুন প্রশ্ন সামনে এনেছেন এবং পুঁজিতন্ত্রের সমালোচনায় শান দিয়ে সাম্যবাদী সমাজের বিস্তৃত রূপরেখা তৈরি করেছেন।

মার্ক্সকে কেবল অ্যাকাডেমিকদের জন্য সুবাসিত ধ্রুপদী গ্রন্থ সম্ভারে নামিয়ে আনা মস্ত বড় ভুল, যা 'প্রকৃত বিদ্যমান সমাজতন্ত্রে' তত্বান্ধ উৎসে রূপান্তরের সমান। কারণ বাস্তবে আজ তাঁর বিশ্লেষণের প্রাসঙ্গিকতা অতীতের চেয়ে সত্য।

এই গ্রহে বাজার অর্থনীতির প্রসারের ফলে পুঁজিতন্ত্র প্রকৃতই এক বিশ্বব্যাপী ব্যবস্থায় পরিণত হয়েছে, মানব অস্তিত্বের সমস্ত ক্ষেত্রে আগ্রাসন ও পরিবর্তন বর্তাচ্ছে। তা শুধু আমাদের কাজের সময়ের জীবন নির্ধারণ করে না, সমাজ ব্যবস্থা ক্রমাগত পুনর্বিন্যাস করে চলেছে। পুঁজিতন্ত্র তার বিরুদ্ধবাদীদের পরাস্ত করেছে,রাজনৈতিক ক্ষেত্রে তাদের মধ্যস্থতার অবসান ঘটিয়েছে, তার নিজের নিয়মে মানব সম্পর্ক নতুন ছাঁচে বদলে দিচ্ছে। তদুপরি আগের চেয়ে অনেক বেশী ভয়ঙ্কর সামাজিক অন্যায় ও অস্থিতিশীল

পরিবেশ ধ্বংস ঘটাচ্ছে।

অবশ্য দেড়শো বছর আগে লেখা মার্ক্সের রচনাবলীতে আজকের দুনিয়ায় যা ঘটছে তার অনুপুঙ্খ বর্ণন প্রত্যাশা করা যায় না। কিন্তু তৎসত্বেও অন্তর্বর্তী কালে যে সব গভীর পরিবর্তন ঘটে গেছে পুঁজিতন্ত্রের প্রকৃতি ও বিকাশ অনুধাবনের অনেক সরঞ্জাম দিয়ে গেছেন।

গত তিরিশ বছর ধরে বিপণন সমাজের গৌরবগাঁথার পরে মানব মুক্তির পক্ষে সওয়াল করার পক্ষে ক্রমবর্ধমান মানুষজনের পাশে আছে মার্ক্সের ভাবনা। মানব কল্যাণ জাগরণে তাঁর 'প্রেতাত্মা' সারা বিশ্বে সঞ্চরমান।

মার্ক্সের রচনাবলীর কালপঞ্জি

মার্ক্সের বিপুল বৌদ্ধিক নিবেশের নিরিখে, শুধু তাঁর সবচেয়ে তাৎপর্যময় নিম্নরূপ রচনাবলীর কালপঞ্জি শ্রেয়, যার উদ্দেশ্য মার্ক্সের অনেক অসম্পূর্ণ পাঠ্যপঞ্জি ও সেগুলির প্রকাশনার বর্ণময় ইতিহাস তুলে ধরা।

প্রথম কলামে কোন বছরে কোন রচনা লেখা হয়েছিল, দ্বিতীয় কলামে শিরোনাম। চৌকো বন্ধনীতে ছাপাখানায় মার্ক্সের অপ্রেরিত রচনাবলী, যাতে বোঝা যায় এগুলির সাথে সমাপ্ত ও মুদ্রিত বই ও প্রবন্ধের পার্থক্য। এর ফলে দ্বিতীয়োক্তের তুলনায় প্রথমোক্তের গুরুত্ব স্ফুট হয়। তৃতীয় কলামে আছে এগুলির প্রকাশনার ইতিহাস, বিশেষত যে পাঠ্যবস্তুগুলির প্রথম প্রকাশ তাঁর মরণোত্তর কালে ও তার প্রকাশনা বর্ষ, গ্রন্থ-পঞ্জি সূত্রনির্দেশ, সম্পাদিত হলে সম্পাদকদের নামোল্লেখ; মূলপাঠে পরিবর্তনগুলির নির্দেশ; যে সব রচনা বা পান্ডুলিপি জর্মনে লেখা নয়, তাও পরিজ্ঞাপন।

সারণিতে নিম্নলিখিত শব্দসংক্ষেপ ব্যবহৃত হয়েছে। MEGA (MarxEngels-Gesamtausgabe, 1927–1935); SOC (K. Marks i F. Engel's Sochineniya, 1928–1946); MEW (Marx-Engels-Werke, 1956–1968); MECW (Marx-Engels Collected Works, 1975–2005); MEGA 2 (Marx-Engels-Gesamtausgabe, 1975–...).

মার্ক্সের রচনাবলীর কালানুক্রমিক পঞ্জি

পাঠকদের সুবিধার্থে এই অংশটি অনুবাদ করা হ'ল না। কিন্তু সারণির প্রকারে নয়।

Table 1 Chronological table of Karl Marx's writings

Year	Title(Information about editions in parenthesis)
1841	Diff erence Between the Democritean and Epicurean Philosophy of Nature (1902: in Aus dem literarischen Nachlass von Karl Marx, Friedrich Engels und Ferdinand Lassalle, ed. by Mehring (partial version). 1927: in MEGA I/1.1, ed. by Ryazanov.)
1842–43	Articles for the Rheinische Zeitung -Rhenish Newspaper (Daily published in Cologne.)
1843	Critique of Hegel's Philosophy of Right. (1927: in MEGA I/1.1, ed. by Ryazanov.)
1844	Essays for the DeutschFranzösische Jahrbücher - German-French Yearbooks (Including 'On the Jewish Question' and 'A Contribution to the Critique of Hegel's Philosophy of Right'. Only one issue, published in Paris. Th e majority of copies were confi scated by the police.)
1844	Economic and Philosophic Manuscripts of 1844 (1932: in Der historische Materialismus, ed. by Landshut and Mayer, and in MEGA I/3, ed. by Adoratskii, the editions diff er in content and order of the parts. Th e text was omitted from

the numbered volumes of MEW and published separately.)

1845 The Holy Family -(with Engels (Published in Frankfurt- am-Main.)

1845 Theses on Feuerbach (1888: appendix to republication of Ludwig Feuerbach and the End of German Classical Philosophy by Engels.)

1845–46 The German Ideology,with Engels (1903–1904: in Dokumente des Sozialismus, ed. by Bernstein -partial version with editorial revisions. 1932: in Der historische Materialismus, ed. by Landshut and Mayer, and in MEGA I/3, ed. by Adoratskii: the editions diff er in content and order of the parts.)

1847 Poverty of Philosophy (Printed in Brussels and Paris. Text in French.)

1848 Speech on the Question of Free Trade (Published in Brussels. Text in French.

1848 Manifesto of the Communist Party, with Engels (Printed in London. Began to circulate widely in the 1880s.)

1848–49 Articles for the Neue Rheinische Zeitung. Organ der Demokratie,New Rhenish Newspaper: Organ of Democracy, (Daily appearing in Cologne. Includes Wage Labour and Capital.)

1850 Articles for the Neue Rheinische Zeitung. Politisch-ökonomische Revue,New Rhenish

Newspaper: Political-Economic Review. (Monthly printed in Hamburg in small runs. Includes Th e Class Struggles in France, 1848 to 1850).

1851–62 Articles for the New-York Tribune (Many of the articles were written by Engels.)

1852 The Eighteenth Brumaire of Louis Bonaparte (Published in New York in the fi rst issue of Die Revolution. Most of the copies were not collected from the printers for fi nancial reasons. Only a small number reached Europe. Th e second edition – revised by Marx – appeared only in 1869.)

1852 Great Men of the Exile, with Engels (1930: in Arkhiv Marksa i Engel'sa (Russian edition). Th e manuscript had previously been hidden by Bernstein.)

1853 Revelations concerning the Communist Trial in Cologne (Published as an anonymous pamphlet in Basle; nearly all two thousand copies were confiscated by the police. And in Boston. Republished in 1874 in Volksstaat,with Marx identified as the author, and in 1875, in book form.)

1853–54 Lord Palmerston Text in English. (Originally published as articles in the New-York Tribune and Th e People's Paper, and subsequently in booklet form)

1854 Th e Knight of the Noble Consciousness (Published in New York in booklet form.)

1856–57 Revelations of the Diplomatic History of the 18th Century Text in English. Th ough already published by Marx, it was subsequently omitted from his works and published in the 'socialist' countries only in 1986, in MECW

1857 Introduction (1903: in Die Neue Zeit, ed. by Kautsky, with various discrepancies from the original)

1857–58 Grundrisse: Outlines of the Critique of Political Economy (1939–1941: edition with small print run. 1953: republication allowing wide circulation.)

1859 Contribution to the Critique of Political Economy (Published in Berlin in a thousand copies.)

1860 Herr Vogt (Published in London with little resonance.)

1861–63 Contribution to the Critique of Political Economy: manuscript of 1861–1863 (1905–1910: Economic Manuscript of 1861–63, ed. by Kautsky -in revised version. A text conforming to the original appeared only in 1954-(Russian edition and 1956 -German edition. 1976–1982: manuscript published in full in MEGA 2 II /3.1–3.6.)

1863–64 On the Polish Question (1961: Manuskripte über die polnische Frage, ed. by the IISH.)

1863–67 Economic manuscripts of 1863–1867 (1894: Capital, Volume III. The Process of Capitalist Production as a Whole, ed. by Engels, who also

I. Unpublished Chapter VI, in Arkhiv Marksa i Engel'sa. 1988: publication of manuscripts of Volume I and Volume II, in MEGA 2 II /4.1.)

1864–72 Addresses, resolutions, circulars, manifestos, programmes, statutes of the International Working Men's Association (Texts mostly in English, including the Inaugural Address of the International Working Men's Association and Th e Fictitious Splits in the International, with Engels).

1865 Wages, Price and Profit (1898: ed. by Eleanor Marx. Text in English.)

1867 Capital, Volume I. Th e Process of Production of Capital (Published in 1,000 copies in Hamburg. Second edition in 1873 in 3,000 copies. Russian translation in 1872.)

1870 Manuscript of Volume Two of Capital(1885: Capital, Volume II. Th e Process of Circulation of Capital, ed. by Engels, who also used the manuscript of 1880–1881 and the shorter ones of 1867–1868 and 1877–1878, published in MEGA 2 II /11).

1871 The Civil War in France (Text in English. Numerous editions and translations in a short space of time.)

1872–75 Capital, Volume I, Th e Process of Production of Capital :French edition. (Text reworked for the French edition which appeared in instalments. According to Marx, it had a 'scientific value independent of the original')

1874–75 Notes on Bakunin's Statehood and Anarchy (1928: in Letopisi marxisma, with a preface by Ryazanov -Russian edition. Manuscript with excerpts in Russian and comments in German.)

1875 Critique of the Gotha Programme (1891: in Die Neue Zeit, ed. by Engels, who altered a few passages from the original.)

1875 Relationship between Rate of Surplus-Value and Rate of Profit Developed Mathematically (2003: in MEGA 2 II /14.)

1877 'From Kritische Geschichte' :a chapter in Anti-Dühring by Engels. (Published in part in Vorwärts and then in full in the book edition.)

1879–80 Notes on Kovalevskii's Rural Communal Property (1977: in Karl Marx über Formen vorkapitalistischer Produktion, ed. by the IISH)

1879–80 Marginal Notes on Adolph Wagner's Textbook of Political Economy (1932: in Das Kapital (partial version). 1933: in SOC XV :Russian edition.)

1880–81 Excerpts from Morgan's Ancient Society (1972: in Th e Ethnological Notebooks of Karl Marx, ed. by the IISH. Manuscript with excerpts in English.)

1881–82 Chronological excerpts 90 bc to approx. 1648 (1938–1939: in Arkhiv Marksa i Engel'sa -partial version, Russian edition. 1953: in Marx, Engels, Lenin, Stalin Zur deutschen Geschichte : partial version).

টিকা নির্দেশ

১। গবেষণা-সাহিত্যে প্রধান সাম্প্রতিক সংযোজন সমীক্ষার জন্য দ্রস্টব্যঃ ‘Marx’s Global Reception Today’, in Marcello Musto (ed.), Marx for Today. London: Routledge, 2012, pp. 170–234. Cf. also Marcello Musto (ed.), Th e Marx Revival. Cambridge: Cambridge University Press, 2019.

২। Antonio Labriola, Socialism and philosophy. Chicago: C.H. Kerr & Company, 1907, pp. 16–18.

৩। মার্ক্সের জীবনীকার বরিস নিকোলায়েভস্কি ও অটো ম্যেনশেন-হেলফেন যথার্থ তাঁদের বইয়ের ভূমিকায় ঠিকই বলেছেন, ‘কয়েক হাজার প্রতি সমাজতন্ত্রীদের গড়ে একজন মার্ক্সের অর্থনৈতিক রচনা পড়েছেন আর কয়েক হাজার প্রতি মার্ক্সবাদবিরোধীর একজনও মার্ক্স পড়েন নি। দ্রস্টব্যঃ. Karl Marx: Man and Fighter.Philadelphia/London: J.P. Lippincott Company, 1936, p. v.

৪। দ্রস্টব্যঃ Labriola, Socialism and philosophy, pp. 22–3.

৫। দ্রস্টব্যঃ. Maximilien Rubel, Bibliographie des oeuvres de Karl Marx. Paris: Rivière, 1956, p. 27.

৬। দ্রস্টব্যঃ David Ryazanov, ‘Neueste Mitteilungen über den literarischen Nachlaß von Karl Marx und Friedrich Engels’, Archiv für die Geschichte des Sozialismus und der Arbeiterbewegung, vol. 11 (1925), see esp. pp. 385–6.

৭। দ্রস্টব্যঃ Marcello Musto, ‘Th e Rediscovery of Karl Marx’, International Review of Social History, vol. 52 (2007), n. 3, pp. 477–98.

৮। মার্ক্স নিয়ে বিপুল সাহিত্য সম্ভারের মধ্যে আছে তাঁর বহুসংখ্যক জীবনী।তাদের মধ্যে সবচেয়ে সমৃদ্ধ John Spargo, Karl Marx: His Life and Work. New York: B. W. Huebsch, 1912; Franz

Mehring, Karl Marx. Geschichte seines Lebens. Leipzig: Leipziger Buchdruckerei AG, 1918; Otto Rühle, Karl Marx. Leben und Werk. Hellerau bei Dresden: Avalun-Verlag, 1928; Karl Vorländer, Karl Marx. Leipzig: F. Meiner, 1929; Marx-Engels-Lenin-Institut, Karl Marx. Chronik seines Lebens in Einzeldaten. Moscow: Marx-Engels- Verlag, 1934; Boris Nikolaevskij and Otto Maenchen-Helfen, Karl Marx: Man and Fighter, op. cit. 1936; Isaiah Berlin, Karl Marx : His Life and Environment. London: Th ornton Butterworth, 1939; Maximilien Rubel, Karl Marx. Essai de biographie intellectuelle. Paris: Librairie M. Rivière et Cie, 1957; Institut für Marxismus-Leninismus, Karl Marx. Biographie. Berlin: Dietz, 1968; David McLellan, Karl Marx: His Life and His Th ought. London: Macmillan, 1973; Francis Wheen, Karl Marx: A life. New York: Norton, 2000. Mary Gabriel, Love and Capital: Karl and Jenny Marx and the Birth of a of a Revolution. New York/Boston/London: Little, Brown and Company, 2011; and most recently Gareth Stedman Jones, Karl Marx: Greatness and Illusion,London: Allen Lane, 2016. অনেক দশকব্যাপী এ নিয়ে বিপুল অবদান সত্বেও, আজ অবধি মার্ক্সের এখনও কোন পূর্ণাঙ্গ বৌদ্ধিক জীবনী লেখা হয় নি।

৯। The eimmense literature on Marx includes numerous biographies. Among the most important are: Despite the many contributions made during decades of scholarship, to date a complete intellectual biography of Marx still has to be written.

১০। Karl Marx, 'Aft erword to the Second German Edition', in MECW, vol. 35, p. 17.

১১ Karl Marx and Friedrich Engels, 'General Rules of the International Working Men's Association', in Marcello Musto (ed.), Workers Unite! Th e International 150 Years Later. New York: Bloomsbury, 2014, p. 265.

১২। Karl Marx, Critique of Gotha Programme, in MECW, vol. 24, p. 87.

১৩। এ সম্পর্কে দ্রস্টব্য For this last topic see Marcello Musto, Th e Last Marx (1881–1883): An Intellectual Biography. London: Oxford University Press, 2018.